



অসাম্প্রদায়িক দেশ গড়ার স্বপ্ন দেখেছিলেন শহীদ জিয়া: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সব ধর্ম ও সম্প্রদায়ের মানুষের অংশগ্রহণে একটি অসাম্প্রদায়িক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে চেয়েছিলেন বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (৮ জুন) রাজধানীর বাসাবোর ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারে জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত প্রার্থনা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, জাতীয় ঐক্য, ধর্মীয় সম্প্রীতি ও দেশপ্রেমের যে আদর্শ জিয়াউর রহমান প্রতিষ্ঠা করেছিলেন, তা এখনো দেশের মানুষের কাছে অনুকরণীয়। তিনি আরও বলেন, মহান স্বাধীনতা যুদ্ধে মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সবাই একসঙ্গে অংশ নিয়েছিল, যা বাংলাদেশের অসাম্প্রদায়িক চেতনার বড় উদাহরণ।

জিয়াউর রহমানের অবদানের কথা তুলে ধরে মির্জা ফখরুল বলেন, দেশের সংকটময় সময়ে তিনি স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন এবং পরবর্তীতে যুদ্ধবিধ্বস্ত অর্থনীতি পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

অনুষ্ঠানে জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনায় বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়। এসময় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালামসহ বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।